# রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাঙ্গামাটি – ৪৫০০

**Website: www.rmstu.edu.bd**

স্মারক নং ঃ রাবিপ্রবি/একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০১৮ - ২০১৯/২০১৮/১১০ তারিখ ঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ।

## ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ঃ ২০১৮ - ২০১৯

রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণীতে ইঞ্জিনিয়ারিং ও বিবিএ প্রোগ্রামে নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট থেকে **শুধুমাত্র SMS** এর মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফি সার্ভিস চার্জসহ ৬৭৫/- (ছয়শত পচাঁত্তর) টাকা।

**আবেদনের সময়সীমা : ০৯ নভেম্বর, ২০১৮ সকাল ১০:০০ টা থেকে ২৯ নভেম্বর, ২০১৮ রাত ১২:০০ টা পর্যন্ত ।**

**ভর্তি পরীক্ষায় ইউনিটভিত্তিক বিভিন্ন বিভাগের জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপ ঃ**

| ইউনিট | বিভাগ | আসন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| **A**<br>ইঞ্জিনিয়ারিং অনুষদ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৫০ | কোটার আসনসহ |
| **B**<br>বিজনেস স্টাডিজ অনুষদ | ম্যানেজমেন্ট | ৫০ | কোটার আসনসহ |

**১। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা ঃ**

ক) **A ইউনিট (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ) ঃ**

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের এসএসসি/দাখিল/সমমান পরীক্ষা এবং ২০১৭ বা ২০১৮ সালের বিজ্ঞান শাখায় এইচএসসি/আলিম/ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স/সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ পেয়েছে এবং যাদের উভয় পরীক্ষায় আলাদা আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ রয়েছে তারা আবেদন করতে পারবে।

অথবা

**যে সকল** ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ডের অধীনে ২০১৩ বা ২০১৪ সালের এসএসসি/দাখিল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হতে ন্যূনতম জিপিএ ৩.০০ পেয়ে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্সে ভর্তি হয়ে ২০১৭ বা ২০১৮ সালে ৪র্থ বিষয়সহ উক্ত ডিপ্লোমায় ন্যূনতম সিজিপিএ ২.৫০ অর্জন করেছে এবং উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.০০ পেয়েছে তারা আবেদন করতে পারবে।

খ) **B ইউনিট ( ম্যানেজমেন্ট বিভাগ) ঃ**

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের এসএসসি/দাখিল/সমমান পরীক্ষা এবং ২০১৭ বা ২০১৮ সালের ব্যবসায় শিক্ষা শাখায় এইচএসসি/আলিম/সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৫০ পেয়েছে এবং যাদের উভয় পরীক্ষায় আলাদা আলাদভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে তারা আবেদন করতে পারবে।

অথবা

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের এসএসসি/দাখিল/সমমান পরীক্ষা এবং ২০১৭ বা ২০১৮ সালের হিসাব বিজ্ঞানসহ ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৫০ পেয়েছে এবং যাদের উভয় পরীক্ষায় আলাদা আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ রয়েছে তারা আবেদন করতে পারবে।

**২। আবেদনের নিয়মাবলী ঃ**

ক) ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য টেলিটক মোবাইলের মাধ্যমে Message অপশনে গিয়ে RMSTU <space> এইচএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <space> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <space> এইচএসসি পাশের সন <space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <space> এসএসসি পাশের সন <space> কাঙ্খিত ইউনিটের কি-ওয়ার্ড (A/B) লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ **RMSTU DHA 123456 2018 DHA 123456 2016 A**

উদাহরণটি ঢাকা বোর্ড থেকে ২০১৮ সনে এইচএসসি ও ২০১৬ সনে এসএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং **RMSTU** এর **A** ইউনিটের জন্য। এখানে **123456** এর জায়গায় যথাক্রমে এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। । ২০১৭ সালে এইচএসসি উত্তীর্ণদেরকে ২০১৮ এর জায়গায় ২০১৭ লিখতে হবে। অনুরূপভাবে ২০১৫ সালে এসএসসি উত্তীর্ণদেরকে ২০১৬ এর জায়গায় ২০১৫ লিখতে হবে।

খ) **শুধুমাত্র A ইউনিটে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এর আবেদনকারীদের SMS এর নিয়ম ঃ** ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য টেলিটক সীমযুক্ত মোবাইলের মাধ্যমে Message অপশনে গিয়ে RMSTU <space> ডিপ্লোমা নামের প্রথম তিনটি অক্ষর <space> ডিপ্লোমা পরীক্ষার রোল নম্বর <space> ডিপ্লোমা পাসের সন <space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <space> এসএসসি পাসের সন <space> কাঙ্খিত ইউনিটের কি- ওয়ার্ড (A/B) লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ **RMSTU DIP 123456 2017 DHA 123456 2013 A**

উদাহরণটি কারিগরি শিক্ষাবোর্ড/পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ২০১৭ সনে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স ও ২০১৩ সনে এসএসসি উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং RMSTU এর A ইউনিটের জন্য। এখানে 123456 এর জায়গায় যথাক্রমে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। ২০১৮ সালে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স উত্তীর্ণদেরকে ২০১৭ এর জায়গায় ২০১৮ লিখতে হবে। অনুরূপভাবে ২০১৪ সালে এসএসসি উত্তীর্ণদেরকে ২০১৩ এর জায়গায় ২০১৪ লিখতে হবে।

গ) **বিভিন্ন শিক্ষাবোর্ডের জন্য লিখতে হবে ঃ** বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), সিলেট (SYL), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocational) (VOC), Diploma in Business Studies (DIB), Diploma in Commerce (DIC), HSC in Business Management (HBM), Open University (OTH)।

ঘ) উপরের নিয়মে SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আর একটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য RMSTU <space> YES <space> PIN (নম্বর) <space> মোবাইল ফোন নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। এখানে মোবাইল ফোন নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে পরবর্তী যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যেকোনো অপারেটরের একটি মোবাইল ফোন নম্বর লিখতে হবে।

উদাহরণ ঃ **RMSTU YES 654321 01XXXXXXXXX**

এই উদাহরণের **654321** এর জায়াগায় আবেদনকারীর PIN (নম্বর) টি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ **৬৭৫/- (ছয়শত পচাঁত্তর) টাকা** কেটে নেয়া হবে, অন্যথায় কোনো ফি কাটা হবে না।

ঙ) উপরের SMS টি পাঠানোর পর আবেদনকারীর টেলিটক মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিটের প্রবেশ পত্রের জন্য একটি **User ID ও Password** দেয়া হবে। একবার SMS করে আবেদন করতে করলে তা প্রত্যাহার করা যাবে না। **User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।**

চ) কোটায় ভর্তি-ইচ্ছুক আবেদনকারীদের ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ ও কোড: মুক্তিযোদ্ধার সন্তান কোটা (CFF), মুক্তিযোদ্ধার নাতি/নাতিনী (GFF), উপজাতি কোটা (TQ), অ-উপজাতি কোটা (NTQ), পোষ্য কোটা (WQ)।

উদাহরণ ঃ **RMSTU DHA 123456 2018 DHA 123456 2016 A CFF**

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং RMSTU এর A ইউনিটের মুক্তিযোদ্ধার সন্তান কোটার (**CFF**) জন্য।

**৩। টেলিটকের মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর করণীয় ঃ**

ক) **প্রবেশপত্র ডাউনলোড :** অন-লাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা SMS/RMSTU ওয়েবসাইট/প্রেস বিজ্ঞপ্তি এর মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্র প্রাপ্তির জন্য http://rmstu.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। RMSTU এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব **User ID ও Password** দিয়ে লগ ইন (Log in) করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে। ছবি ও স্বাক্ষর আপলোড এবং নিজ জেলার অপশন পাওয়া যাবে। **ছবি ও স্বাক্ষর একবার আপলোড হয়ে গেলে পরিবর্তনের কোন সুযোগ নেই।**

খ) **ছবি ও স্বাক্ষর আপলোড :** ছবি (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ 100 KB এর বেশী বাঞ্চনীয় নয়। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। স্বাক্ষর এর ক্ষেত্রে (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 80 pixel এবং এই স্বাক্ষরের ফাইল সাইজ 60 KB এর বেশী বাঞ্চনীয় নয়।

গ) ছবি ও স্বাক্ষর আপলোড হলে প্রবেশপত্র ডাউনলোড করে দুই কপি প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্রের ০১ (এক) কপি পরীক্ষার হলে নিজের কাছে রাখতে হবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে। প্রবেশপত্রে ছাত্র/ছাত্রীদের নাম, রোল নম্বর, ইউনিট, জেলার নাম ও কোটার নাম (কোটাধারীদের জন্য) উল্লেখ থাকবে।

ঘ) প্রবেশপত্র প্রিন্ট করার পরে কোনো রকম ত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য ভর্তি পরীক্ষা কমিটির সদস্য সচিব বরাবর প্রয়োজনীয় কাজগপত্রাদিসহ আবেদন করতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে নির্ধারিত ২০০.০০ (দুইশত) টাকা ফি পরিশোধপূর্বক রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে।

ঙ) ভর্তি পরীক্ষার User ID ও Password হারিয়ে গেলে rmstu <space> help <space> PIN <space> PIN No. অথবা rmstu <space> help <space> SSC Board <space> SSC Roll <space> SSC Year <space> Unit লিখে 16222 নম্বরে পাঠিয়ে পাওয়া যাবে। অন্যথায় নির্ধারিত ২০০/- (দুইশত) টাকা ফি পরিশোধপূর্বক রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে।

৪। কোটায় ছাত্র-ছাত্রী ভর্তি সম্পর্কিত তথ্যাবলী ঃ

মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি/উপজাতি/অ-উপজাতি/পোষ্য কোটা বিধি মোতাবেক সংরক্ষণ করা হবে।

(ক) **মুক্তিযোদ্ধা কোটা ঃ** মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণ সংক্রান্ত সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা কোটায় ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে সর্বাগ্রে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানকে এবং সন্তান পাওয়া না গেলে নাতি/নাতনিকে বিবেচনা করা হবে।

(খ) **উপজাতি কোটা ঃ** উপজাতি কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে স্ব স্ব জেলা প্রশাসক অথবা সংশ্লিষ্ট সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।

(গ) **অ-উপজাতি কোটা ঃ** পার্বত্য চট্টগ্রামে (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) বসবাসরত অ-উপজাতি ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে স্ব স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।

(ঘ) **পোষ্য কোটা ঃ** অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত অথবা অবসরত্তোর ছুটিতে থাকাকালীন অথবা অবসরগ্রহণকারী অথবা মৃত্যুবরণকারী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সন্তান বা স্বামী/স্ত্রী এ কোটার অন্তর্ভূক্ত হবে। এ কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের তাদের পিতা/স্বামী/স্ত্রী যে বিভাগ/অফিস/ইনস্টিটিউটে কর্মরত আছেন সেই বিভাগের অফিস প্রধান/ ইনস্টিটিউটের পরিচালকের নিকট হতে প্রদত্ত সনদপত্র সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।

৫। নম্বর বন্টন ঃ

ভর্তি পরীক্ষা ১ (এক) ঘন্টা ব্যাপী **MCQ (Multiple Choice ছঁবংঃরড়হ)** পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ২০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর MCQ (১০০ টি প্রশ্ন থাকবে) এবং অবশিষ্ট ১০০ নম্বরের মধ্যে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৪০% (চতুর্থ বিষয়বাদে) ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৬০% (চতুর্থ বিষয়বাদে) গণনা করা হবে। ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

**Aএবং B ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষার নম্বর বন্টন ঃ**

**A ইউনিট :**

| বিষয় | বাংলা | ইংরেজি | রসায়ন | পদার্থ বিজ্ঞান | গণিত | সাধারণ জ্ঞান | |
|---|---|---|---|---|---|---|---|
| নম্বর | ১০ | ১০ | ২০ | ২৫ | ২৫ | ১০ | মোট = ১০০ |

**B ইউনিট :**

| বিষয় | বাংলা | ইংরেজি | ব্যবসায় নীতি ও প্রয়োগ | হিসাব বিজ্ঞান | সাধারণ জ্ঞান | |
|---|---|---|---|---|---|---|
| নম্বর | ২০ | ২০ | ২৫ | ২৫ | ১০ | মোট = ১০০ |

ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৩৬। কোটায় আবেদনকারীদের পাশ নম্বর ৩০।

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ ঃ** সিএসই বিভাগে ভর্তির ক্ষেত্রে ছাত্র/ছাত্রীদের বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে আলাদাভাবে ন্যূনতম ৩ নম্বর এবং পদার্থবিজ্ঞান ও গণিত উভয় বিষয়ে আলাদাভাবে ন্যূনতম ৭ (সাত) নম্বর পেতে হবে ।

**ম্যানেজমেন্ট বিভাগ ঃ** ম্যানেজমেন্ট বিভাগে ভর্তির ক্ষেত্রে ছাত্র/ছাত্রীদের ভর্তি পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে আলাদাভাবে ন্যূনতম ৬ নম্বর পেতে হবে।

৬। **পরীক্ষার দিন পরীক্ষার্থীর করণীয়ঃ**

ক) পরীক্ষার হলে পরীক্ষার্থীকে ২ (দুই) কপি প্রবেশপত্র সঙ্গে আনতে হবে, যার ১ (এক) কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে ।

খ) এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

গ) বৃত্ত ভরাট/ঠিক চিহ্ন প্রদানের ক্ষেত্রে অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

ঘ) পরীক্ষা কক্ষে মোবাইল ফোন, সায়েন্টিফিক ক্যালকুলেটর, ঘড়ি বা অন্য কোনো ধরনের ইলেক্ট্রনিক কমিউনিকেশন ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

ঙ) পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীকে সঠিকভাবে শনাক্ত করার জন্য তাদের কানসহ মুখমন্ডল অবশ্যই অনাবৃত রাখতে হবে।

৭। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচীঃ**

ভর্তি পরীক্ষায় আসন বিন্যাস, সময়, তারিখ, স্থান, ফলাফল ও অন্যান্য তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.rmstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

এই বিজ্ঞাপনটি www.rmstu.edu.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য হটলাইন ০১৭০৪৩৮৩৬৪২ মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধাক্রম অনুযায়ী মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এবং ভর্তিকৃতদের ওরিয়েনটেশন ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি যথাসময়ে অফিসের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.rmstu.edu.bd) এর মাধ্যমে জানা যাবে।

**বিশেষ দ্রষ্টব্য**ঃ

ক) আবেদনকারী টেলিটক মোবাইল অপারেটর কর্তৃক প্রদানকৃত প্রবেশপত্র, রোল নম্বর ও PIN (নম্বর) নিজে সংরক্ষণ করবে।

খ) হলে আসন খালি থাকা সাপেক্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের আবাসিক সুবিধা প্রদান করা হবে।

গ) মেধাক্রম অনুযায়ী পার্বত্য চট্টগ্রামের অধিবাসীদের (উপজাতি ও অ-উপজাতি) অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) ভর্তি পরীক্ষার আবেদনে কোনো তথ্য মিথ্যা বা অসত্য প্রমাণিত হলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঙ) অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চ) ভর্তি পরীক্ষায় কোন প্রার্থী অসদুপায় অবলম্বন করলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ) ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যেকোনো পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অঞ্জন কুমার চাকমা
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
আহবায়ক
ভর্তি পরীক্ষা কমিটি ২০১৮- ২০১৯
রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়